

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৪০. শরীয়ত বাস্তবায়নে কঠোরতা অবলম্বন করা কিংবা এমনভাবে কোন গুনাহ্গার ব্যক্তিকে আল্লাহ্ তা'আলার আযাব ও জাহান্নামের ভয় দেখানো যাতে করে সে আল্লাহ্ তা'আলার রক্ষাত থেকে একেবারেই নিরাশ হয়ে যায়

আবু মূসা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) একদা আমাকে ও মু'আয (রা.) কে ইয়েমেনের দিকে পাঠিয়ে বলেন:

يُسِّرًا وَلاَ تُعَسِّرًا ، وَيَشِّرًا وَلاَ تُنَفِّرًا ، وَتَطَاوَعَا وَلاَ تَخْتَلِفَا

"তোমরা মানুষের মাঝে শরীয়ত বাস্তবায়নে সহজতা অবলম্বন করবে ; কঠোরতা নয়। পাপীদেরকে ভয় মিশ্রিত আশার বাণী শুনাবে ; নিরাশার বাণী নয়। একে অপরকে মেনে চলবে ; দ্বন্দ্ব করবে না"।[1] আব্দুল্লাহ্ বিন্ মাস্'উদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসুল (সা.) ইরশাদ করেন:

هَلَكَ الْمُتَنَطِّعُوْنَ ثَلاَتًا

''ধ্বংস হোক কট্টরপন্থীরা। রাসূল (সা.) উক্ত কথাটি তিন বার বলেছেন''।[2]

>

ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৩০৩৮ মুসলিম, হাদীস ১৭৩৩)
- [2] (মুসলিম, হাদীস ২৬৭০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11390

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন